# বাংলাদেশ কম্পিউটার সমিতি

হাউজ:৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আর/এ, ঢাকা-১২০৫
ফোন:৮৮ ০২ ৯৬৭১৩৪২, ৯৬৭১৩৫০
ই-মেইল: samity@bcs.org.bd

বিসিএস/নির্বাচন বোর্ড/২০২৫-২০২৭/০১ | তারিখ: ১৬ মার্চ ২০২৫

বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)-এর ২০২৫-২০২৭ মেয়াদে দ্বি-বার্ষিক নির্বাচনের
তফসিল ঘোষণা

বাণিজ্য সংগঠন আইন, ২০২২; বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) এর সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী এসোসিয়েশন এর দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৫-২০২৭ এর কার্যনির্বাহী কমিটির ০৭ (সাত) জন পরিচালক নির্বাচন এবং নির্বাচিত পরিচালকগণের মধ্য থেকে ৫ (পাঁচ) জন কর্মকর্তা (অফিস বেয়ারার) নির্বাচনের নিমিত্ত আগামী ২১ জুন ২০২৫ (শনিবার) স্থান: শহীদ আবু সাইদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার, মিন্টু রোড, ঢাকা (হোটেল ইন্টার কন্টিনেন্টাল এর বিপরীতে), (বিশেষ প্রয়োজনে ভেন্যু পরিবর্তনযোগ্য) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত তফসিল ঘোষণা করা হলো। কোনো কারণে যদি নির্দিষ্ট দিন ও সময়ে তফসিলে বর্ণিত কোনো কার্যক্রম অনুষ্ঠিত না হয় তা পরবর্তী কার্যদিবসে (শনিবার থেকে বৃহস্পতিবার সরকারি ছুটি ব্যতীত) ও একই সময়ে অনুষ্ঠিত হবে।

| ক্র. নং | কার্যক্রমসমূহ | তারিখ ও সময় |
|---|---|---|
| ১. | তফসিল ঘোষণা | ১৬ মার্চ ২০২৫ (রবিবার) |
| ২. | সদস্য পদ নবায়ন ও ভোটার হওয়ার জন্য সংশ্লিষ্ট দলিলপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা:<br>২০২৫-২০২৭ মেয়াদের নির্বাচনে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য সদস্যগণের ২০২৫ সাল পর্যন্ত বার্ষিক চাঁদা এবং অন্যান্য বকেয়া পরিশোধিত থাকতে হবে।<br>• ২০২৫-২০২৭ মেয়াদের নির্বাচনে ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য সদস্যপদ নবায়ন সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/রিটার্ন জমা রশিদ, জাতীয় পরিচয়পত্র ও ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে।<br>• একক মালিকানাধীন প্রতিষ্ঠান/Proprietorship Firm ব্যতীত অন্য কোম্পানির ক্ষেত্রে পরিচালনা পরিষদের রেজুলেশন এবং অংশীদারী কারবার/প্রতিষ্ঠানের প্রতিনিধি পরিবর্তনের ক্ষেত্রে ক্ষমতা প্রদানের প্রমাণপত্র জমা দিতে হবে। | ২১ এপ্রিল ২০২৫ (সোমবার) বিকাল ৫:০০ পর্যন্ত |
| ৩. | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ<br>(নোটিশ বোর্ডে অন্তত: ০৩ (তিন) দিন প্রদর্শন করতে হবে) | ৩০ এপ্রিল ২০২৫ (বুধবার) |
| ৪. | প্রাথমিক ভোটার তালিকার বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের কাছে আপত্তি (যদি থাকে) তা লিখিতভাবে দাখিলের তারিখ ও সময় | ০১-০৬ মে, ২০২৫ বিকাল ৫:০০ পর্যন্ত |
| ৫. | দাখিলকৃত আপত্তির বিষয়ে নির্বাচন আপিল বোর্ড কর্তৃক শুনানি ও নিষ্পত্তি (শুনানির তারিখ ও সময় নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে)। | ০৮-১০ মে, ২০২৫ |
| ৬. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ<br>(নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ১৩ মে ২০২৫ (মঙ্গলবার) |
| ৭. | নির্বাচনের জন্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল | ১৪-২০ মে, ২০২৫ (প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) |
| ৮. | প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ<br>(নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ২১ মে ২০২৫ (বুধবার) |
| ৯. | মনোনয়নপত্র বাতিল বিষয়ে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপিল বোর্ডের কাছে আপত্তি দাখিল | ২২-২৪ মে, ২০২৫ বিকাল ৫:০০ পর্যন্ত |
| ১০. | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক বাতিলকৃত মনোনয়ন পত্রের উপর দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও নিষ্পত্তি (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে) (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ২৫-২৭ মে, ২০২৫ |
| ১১. | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ<br>(নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ২৮ মে ২০২৫ (বুধবার) |
| ১২. | প্রার্থীতা প্রত্যাহার | ২৯-৩১ মে, ২০২৫ বিকাল ৫:০০ পর্যন্ত |

| ক্র. নং | কার্যক্রমসমূহ | তারিখ ও সময় |
|---|---|---|
| ১৩. | চূড়ান্ত প্রার্থী এবং প্রত্যাহারকৃত প্রার্থী তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ০১ জুন ২০২৫ (রবিবার) |
| ১৪. | ভোট গ্রহণ এবং নির্বাচনী ফলাফল প্রকাশ<br>স্থান: শহীদ আবু সাইদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার, মিন্টু রোড, ঢাকা (হোটেল ইন্টার কন্টিনেন্টাল এর বিপরীতে), (বিশেষ প্রয়োজনে ভেন্যু পরিবর্তনযোগ্য) | **২১ জুন ২০২৫, শনিবার**<br>ভোট গ্রহণ সকাল ১০ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে। ভোট গণনা শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হবে। |
| ১৫. | অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়ন ফর্ম সংগ্রহ ও দাখিল | ২২ জুন ২০২৫, রবিবার (সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত) |
| ১৬. | অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়ন ফর্ম বাছাই ও প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ২২ জুন ২০২৫ (রবিবার) |
| ১৭. | অফিস বেয়ারার নির্বাচন ও ফলাফল ঘোষণা | ২৩ জুন ২০২৫ (সোমবার) |
| ১৮. | নির্বাচনের ফলাফল বিষয়ে আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল | ২২-২৪ জুন ২০২৫ বিকাল ৫:০০ পর্যন্ত |
| ১৯. | নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে দাখিলকৃত আপিলের উপর শুনানি গ্রহণ (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে) | ২৫-২৭ জুন ২০২৫ |
| ২০. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা | ২৮ জুন ২০২৫, শনিবার |

**বিশেষ দ্রষ্টব্য: প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচন তফসিলের পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।**

(ক) নির্বাচন আচরণ বিধি ১ (এক) কপি এই পত্রের সাথে প্রেরণ করা হলো।

(খ) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে সমিতি'র কার্যালয়ে অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় তথ্য/নির্দেশনা/বিজ্ঞপ্তি নির্বাচনী নোটিশ বোর্ড, বিসিএস এর ওয়েবসাইটে প্রদর্শন এবং সদস্যদের ই-মেইলে প্রেরণ করা হবে।

২৫/০৫/২০২৫
মো: সিরাজুল ইসলাম
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ কম্পিউটার সমিতি
ও
উপ-নিয়ন্ত্রক
বাণিজ্য মন্ত্রণালয়

২৫/০৫/২০২৫
সন্দীপ কুমার সরকার
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ কম্পিউটার সমিতি
ও
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

২৫.০৫.২০২৫
শরীফ রায়হান কবির
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ কম্পিউটার সমিতি
ও
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. প্রশাসক, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ: ৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আর/এ, ঢাকা-১২০৫;

৩. চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাদেশ কম্পিউটার সমিতি দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৫-২০২৭;

৪. সদস্য (ডাক যোগে), বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ: ৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আর/এ, ঢাকা-১২০৫;

৫. অফিস সচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ: ৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আর/এ, ঢাকা-১২০৫;

৬. নোটিশ বোর্ড, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ: ৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আর/এ, ঢাকা-১২০৫।